**Governmet of West Bengal**
**Department of Health & Family Welfare**
**Directorate of ISM Drugs Control**
**205, Vivekananda Road, 3rd floor, Kolkata – 700 006**

## সতর্কীকরণ বিজ্ঞপ্তি

যে সমস্ত চিকিৎসক/ওষুধ প্রস্তুতকারী/বিক্রয়কারী ব্যবসায়ী অথবা সাধারণ মানুষ, যারা প্রত্যক্ষ বা পরোক্ষভাবে আয়ুর্বেদিক, ইউনানী ও সিদ্ধা ওষুধের সাথে যুক্ত আছেন তাদের উদ্দেশ্যে এই সতর্কীকরণ বিজ্ঞপ্তি ।

আমাদের দেশে ওষুধের বিজ্ঞাপণ সংক্রান্ত একটি আইন বলবৎ আছে যার নাম **DRUGS AND MAGIC REMEDIES – OBJECTIONABLE ADVERTISEMENT – ACT, 1954** উক্ত আইনের ৩ নং ধারা অনুসারে কোন ব্যক্তি নিম্নলিখিত এবং তালিকাভুক্ত রোগের বিষয়গুলোর ক্ষেত্রে ওষুধ বা ওষুধের ব্যবহার সংক্রান্ত কোনপ্রকার বিজ্ঞাপণ করতে পারবেন না । যথা -

ক) মহিলাদের গর্ভস্রাব অথবা গর্ভধারণ রোধ সম্পর্কিত
খ) যৌনক্ষমতা বৃদ্ধিকারী অথবা নিরাময় রাখা সম্পর্কিত
গ) মহিলাদের অনিয়মিত মাসিক দূরীকরন সম্পর্কিত ইত্যাদি

উপরোক্ত আইনের ৫ নং ধারাবলে কোন ব্যক্তি কোন প্রকার ওষুধ যাদুকরী বা অলৌকিক যাহা প্রত্যক্ষ বা পরোক্ষভাবে উপরে বর্ণিত ৩ নং ধারার সুনির্দিষ্ট ক্ষেত্রগুলোকে প্রভাবিত দাবী করিয়া বিজ্ঞাপণ করতে / সাহায্য করতে পারবেন না ।

**শাস্তি :-**

উপরিউক্ত বিধিসমূহ ভঙ্গ দন্ডনীয় অপরাধ । ভেষজ রসায়ন ও অলৌকিক নিরাময় (আপত্তিকর বিজ্ঞাপণ) আইন, ১৯৫৪-এর ৭ নং ধারাবলে :-

(ক) প্রথমবার দোষী সাব্যস্ত হলে ছয় মাস হাজতবাস অথবা জরিমানা অথবা উভয়প্রকার শাস্তির বিধান আছে ।
(খ) তারপরেও যদি দোষী সাব্যস্তকরণ হন তা হলে সেক্ষেত্রে এক বৎসর হাজতবাস অথবা জরিমানা অথবা দুটোরই বিধান আছে ।

এ বিষয়ে বিশদ বিবরণের জন্য উপরোক্ত দপ্তরে যোগাযোগ করতে পারেন

**অধিকর্তা**